

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।
www.bomd.gov.bd

জরুরি বিজ্ঞপ্তি

- ১। এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪৩ অনুচ্ছেদ অনুযায়ী যে কোন ভূমির অন্তর্গত সকল খনিজ সম্পদ প্রজাতন্ত্রের সম্পত্তি। খনি ও খনিজ সম্পদ (নিয়ন্ত্রণ ও উন্নয়ন) আইন, ১৯৯২ এবং উক্ত আইনের আলোকে প্রণীত খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী কয়লা, পিট, কঠিনশিলা, সাধারণ পাথর, বালু মিশ্রিত পাথর, সিলিকা বালু, সাদামাটি ইত্যাদি খনিজের অনুসন্ধান ও উত্তোলন/আহরণের লাইসেন্স/ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।
- ২। লাইসেন্স/ইজারা গ্রহণ ব্যতীত খাসভূমি, ব্যক্তিমালিকানাধীন ভূমি বা যে কোন ভূমি হতে খনিজ সম্পদ অনুসন্ধান, উত্তোলন/আহরণ খনি ও খনিজ সম্পদ (নিয়ন্ত্রণ ও উন্নয়ন) আইন, ১৯৯২ অনুযায়ী দণ্ডনীয় অপরাধ। আইন লঙ্ঘনকারী ব্যক্তি এ ধরনের অপরাধের ক্ষেত্রে অনধিক ০৩(তিন) বছরের কারাদণ্ডে দণ্ডনীয় হবেন এবং এর অতিরিক্ত অর্থদণ্ডেও দণ্ডিত হতে পারেন।
- ৩। দেশের মূল্যবান খনিজ সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ এবং এর সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে অবৈধভাবে খনিজ সম্পদ উত্তোলন/আহরণ না করার জন্য সর্বসাধারণকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

অনুরোধক্রমে

পরিচালক

ফোন : ৯৩৪৬১৯৪

ফ্যাক্স : ৯৩৩৪২১৫

E-mail : emrdbmd@gmail.com

জি-৩২৮/১৮ (৪'x৩)